



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ : ০৯.০২.২০২৩

সূত্র :- পিডি/ডিজিএম/নন-ক্রারিক্যাল/শীতকালীন পোষাক/২৩/১৪০৯

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা/
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ/
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী
বাংলাদেশ।

বিষয় : ২০২৩ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরণ
পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাকের মূল্য
নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুনঃভরণ পদ্ধতিতে প্রদান করা যাবে :

(ক) স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারী (পুরুষ) :

ক্রমিক নং	কাপড়ের বর্ণনা	প্রত্যেক কর্মচারীর জন্য কাপড়ের পরিমাণ	মোট মূল্য (সেলাই মজুরীসহ)
১।	একরিলিক/সিনথেটিক	২.৫২ মিটার	৩,৯০০/- টাকা
২।	সেলাই মজুরী	১ সেট কমপ্লিট সুট তৈরীর জন্য	

প্রত্যেক স্থায়ী নন-ক্রারিক্যাল পুরুষ কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য = ৩,৯০০/- (তিন হাজার নয়শত) টাকা।

(খ) স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারী (মহিলা) :

ক্রমিক নং	পোষাকের বর্ণনা	প্রত্যেক কর্মচারীর জন্য কাপড়ের পরিমাণ	মোট মূল্য (সেলাই মজুরীসহ)
১।	শাড়ী (সুতী)	১(এক) টি	৪,৮০০/-টাকা
২।	পেটিকোট (সুতী রেডিমেড)	১(এক) টি	
৩।	ব্লাউজ (সুতী রেডিমেড)	১(এক) টি	
৪।	কার্ডিগান তৈরীর কাপড় (একরিলিক/সিনথেটিক)	২ মিটার	
৫।	কার্ডিগান সেলাই মজুরী	১ সেট	

প্রত্যেক স্থায়ী নন-ক্রারিক্যাল মহিলা কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য = ৪,৮০০/- (চার হাজার আটশত)টাকা।

নিয়মাবলী/শর্তাবলী :-

- প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্রারিক্যাল কর্মচারীর ২.৫২ মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড়/খাকী কাপড় সুপ্রতিষ্ঠিত কোন
দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা পোষাক সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই
মজুরী বাবদ ১/২টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।

...চলমান পাতা-০২



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

পাতা-০২

সূত্র :- পিডি/ডিজিএম/নন-ক্রারিক্যাল/শীতকালীন পোষাক/২৩/২৪০৯

তারিখ : ০৯.০২.২০২৩

বিষয় : ২০২৩ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

- ২। প্রত্যেক মহিলা স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারী ১টি করে শাড়ী, পেটিকোট, ব্লাউজ এবং ২(দুই) মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড় সু-প্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা কার্ডিগান সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই মজুরী বাবদ পৃথক ২টি/৩টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।
- ৩। ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীকে প্রতি ২(দুই) বৎসরের জন্য (১ বৎসর পর পর) শীতকালীন পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ করা হয়। সুতরাং ২০২২ সালে যে সকল কর্মচারী শীতকালীন পোষাকের মূল্য গ্রহণ করেছেন তারা ২০২৩ সালে উক্ত পোষাকের মূল্য পাবেন না।
- ৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-১৯৯৭ ইং এর নির্দেশনা অনুযায়ী নিয়মিত নিয়োগের পর যাদের চাকুরীর মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়েছে এবং যাদের চাকুরীর রেকর্ডস সন্তোষজনক তারা এ সুবিধা পাবেন।
- ৫। পিআরএল ভোগরত নন-ক্রারিক্যাল কর্মচারীগণ শীতকালীন পোষাক (ইউনিফর্ম) পাওয়ার যোগ্য হবে না।
- ৬। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্য হবেন না। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুনর্বহাল হয়ে চাকুরীতে নিয়মিত হলে তারা উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে শীতকালীন পোষাকের মূল্য কোনভাবেই এরিয়ার হিসেবে প্রদান করা যাবে না।
- ৭। প্রত্যেক কর্মচারী কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করায় সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মূল্য ও সেলাই মজুরী প্রদানকালে ৭.৫% হারে অর্থাৎ পুরুষ কর্মচারীদের নিকট হতে সর্বমোট ২৭২/- (দুইশত বাহাত্তর) টাকা এবং মহিলা কর্মচারীদের নিকট হতে ৩৩৫/- (তিনশত পয়ত্রিশ) টাকা ভ্যাট কর্তনপূর্বক কর্তনকৃত ভ্যাট একীভূত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যু করে আগামী ১(এক)মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকার বরাবরে পত্র মারফত প্রেরণ করতে হবে।
- ৮। প্রধান কার্যালয়ে কর্মরত সকল স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক (পিএ নম্বর/সীলসহ) কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর স্বাক্ষর সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে পরিশোধের জন্য প্রেরণ করতে হবে।
- ৯। কর্মচারীগণ যাতে যথাযথ ইউনিফর্ম পরিধান করে প্রতিদিন অফিসে উপস্থিত হয়ে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

আপনার বিশ্বস্ত,


 (আঃ রাজ্জাক জুএগ)
 সহকারী মহাব্যবস্থাপক


 (মোঃ শাখাওয়াত হোসেন)
 উপ-মহাব্যবস্থাপক